

## বারংবার জিজ্ঞাসিত প্রশ্নগুলি – নিষ্পত্তিগুলি

### নিষ্পত্তি কী?

নিষ্পত্তি হল শুনানিতে উপস্থিত হওয়ার পরিবর্তে সমন-এর অভিযোগ(গুলি)-র ক্ষেত্রে নিজেকে দোষী বলে স্বীকার করার একটি সুযোগ। আপনাকে অবশ্যই:

- একটি হ্রাসকৃত জরিমানা দিতে হবে; এবং/অথবা
- লঙ্ঘনকে নিরাময় (সঠিক) করতে হবে (যোগ্য হলে)।

### আমি আমার কেসকে কীভাবে নিষ্পত্তি করব?

আপনি যদি মেলে একটি অফার অফ সেটেলমেন্ট লেটার পেয়ে থাকেন:

- আপনি হ্রাসকৃত পরিমাণ অর্থ প্রদান করে আপনার মামলা নিষ্পত্তি করতে পারেন।

আপনি যদি মেলে নিষ্পত্তির প্রস্তাব না পান:

- নিষ্পত্তি একটি বিকল্প কিনা তা জানতে ইমেল বা বার্তা পাঠান এখানে [LegalSettlements@dcwp.nyc.gov](mailto:LegalSettlements@dcwp.nyc.gov)। সমন নম্বর এবং আপনার ব্যবসায়িক নাম অন্তর্ভুক্ত করতে ভুলবেন না।

**শুনানির তারিখের অন্তত এক কর্মদিবস আগে DCWP-কে অবশ্যই আপনার ইমেল বা টেক্সট পেতে হবে।**

যদি আপনি নিষ্পত্তি করতে পারেন, তাহলে DCWP নিশ্চিত করবে হ্রাসকৃত পরিমাণ অথবা তাতে অন্তর্ভুক্ত হবে [নিরাময়ের নির্দেশ](#) যদি আপনি লঙ্ঘন ঠিক করতে পারেন।

### আমাকে কি নিষ্পত্তি করতেই হবে?

না। অভিযোগ(গুলি) অস্বীকার করার জন্য আপনি অফিস অফ অ্যাডমিনিস্ট্রিটিভ ট্রায়ালস অ্যান্ড হেয়ারিংস (OATH)-এ শুনানিতে অংশ নিতে পারেন। শুনানির তারিখ এবং সময় আপনার সমন-এ থাকবে। আপনি প্রমাণ এবং যুক্তি উপস্থাপনের জন্য শুনানিতে একজন অ্যাটর্নি বা প্রতিনিধিকে আনতে পারেন।

### কখন আমি নিষ্পত্তি করতে পারি?

শুনানির তারিখের অন্তত এক কর্মদিবস আগে আপনাকে নিষ্পত্তি করতে হবে।

### আমি কীভাবে আমার নিষ্পত্তির অফার লেটারে হ্রাসকৃত জরিমানা দিতে পারি?

আপনি তিনটি উপায়ের একটি দ্বারা অর্থ প্রদান করতে পারেন। আপনি যেভাবে অর্থপ্রদান করেন না কেন, শুনানির তারিখের অন্তত এক কর্মদিবস আগে DCWP-কে অবশ্যই আপনার অর্থপ্রদান পেতে হবে।

#### 1. ডাক মারফত

DCWP এর কাছে প্রদেয় অর্থের একটি চেক বা মানি অর্ডার পাঠান:

DCWP  
Attn: Collections Division  
42 Broadway  
New York, NY 10004

DCWP প্রদত্ত রিটার্ন খাম ব্যবহার করুন (যদি প্রযোজ্য হয়)। আপনার চেক বা মানি অর্ডারে আপনার সমন নম্বর এবং ব্যবসার নাম অন্তর্ভুক্ত করুন।

## 2. অনলাইন

nyc.gov/dcwp ওয়েবসাইটে যান এবং ক্রেডিট কার্ডের মাধ্যমে অনলাইনে অর্থ প্রদানের নির্দেশ পেতে, ব্যবসার জন্য মডিউল “[জরিমানা এবং ফি প্রদান করুন](#)” এ ক্লিক করুন।

অনুমোদিত কার্ডের মধ্যে আছে Visa, MasterCard, American Express, এবং Discover Card। ক্রেডিট কার্ড পেমেন্টে একটি কনভিনিয়েন্স ফি প্রদান করতে হতে পারে।

## 3. স্বশরীরে \*শুধুমাত্র পৃষ্ঠা 1-এর ঠিকানায় অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে\*

অ্যাপয়েন্টমেন্ট পেতে, ইমেল করুন ট্রি ঠিকানায় [Collections@dcwp.nyc.gov](mailto:Collections@dcwp.nyc.gov) অথবা (212) 436-0259 নম্বরে ফোন করুন (সোমবার - শুক্রবার, সকাল 9টা থেকে বিকাল 4 টা)।

আপনি শুধুমাত্র ক্রেডিট কার্ড, মানি অর্ডার, চেক দ্বারা অর্থ প্রদান করতে পারেন। ক্রেডিট কার্ড পেমেন্টে একটি কনভিনিয়েন্স ফি প্রদান করতে হতে পারে।

**আমি হ্রাস করা জরিমানা প্রদানের পরে শুনানি বা আপিলের জন্য অনুরোধ করতে পারি কি? না।**

হ্রাসকৃত জরিমানা পরিশোধ করার মাধ্যমে, আপনি অভিযোগ(গুলি)-র ক্ষেত্রে নিজের দোষ স্বীকার করে নিচ্ছেন এবং অভিযোগ(গুলি)-র বিষয়ে আর শুনানি বা আপিলের অনুরোধ করতে পারবেন না।

আপডেট করা হয়েছে 06/2023 তারিখে